

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 22-11-2025**

**Time: 1.40 P.M.**

মুখ্যসচিব মনোজ পত্তি, আগামী বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে আজ নবাম্বে জেলাশাসকদের সঙ্গে বৈঠক করছেন। নির্বাচনী পরিকাঠামো খতিয়ে দেখার পাশাপাশি বৈদ্যুতিন ভোট যন্ত্র-EVM-এর প্রস্তুতি নিয়েও এই বৈঠকে আলোচনা হওয়ার কথা।

এদিকে, আগামী বৃহস্পতিবার ২৭-শে নভেম্বর থেকে রাজ্যের ১০টি জেলায় শুরু হচ্ছে EVM ও VVPAT-এর ফার্স্ট লেভেল চেকিং কর্মসূচী। চলবে আগামী ১৫ জানুয়ারি পর্যন্ত।

SIR ইস্যুতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী মঙ্গলবার (২৫শে নভেম্বর) উত্তর ২৪ পরগণার বনগাঁয় সভা ও রোড শো করবেন।

অন্যদিকে, নদীয়ার কৃষ্ণনগরে ঘষ্টীতলা এলাকায় রিক্ষ তরফদার নামে এক মহিলার আত্মাতা হওয়ার ঘটনায় বিতর্ক দানা বেধেছে। পরিবারের অভিযোগ, বিএলও হিসাবে কাজের চাপ সহ্য করতে না পেরে তিনি আত্মহত্যা করেছেন।

\*\*\*\*\*

জাতীয় শিক্ষা নীতি-NEP-র সঙ্গে সঙ্গতি রেখে 'রাজ্য বিশ্ব বিদ্যালয় নীতি -২০২৩', পশ্চিমবঙ্গকে উত্তোলন ক্ষেত্রে অগ্রণী করে তোলার ব্যাপারে একটি স্পষ্ট লক্ষ্য নির্ধারণ করেছে বলে রাজ্যের শিক্ষা সচিব বিনোদ কুমার জানিয়েছেন।

ইন্ডিয়ান চেম্বার অফ কর্মস আয়োজিত এক সেমিনারে গতকাল তিনি বলেন, বর্তমান সরকারের আমলে স্কুল শিক্ষা বাজেট ২০১১ সালে ৮২৯ কোটি টাকা থেকে বেড়ে ২০২৪-২৫ সালে ১০ হাজার কোটি টাকারও বেশি হয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI নির্ভর স্মার্ট ক্লাসরুম সহ শিক্ষার উন্নয়নে বেশ কিছু পদক্ষেপ'ও নেওয়া হয়েছে।

(বাইট- বিনোদ কুমার )

'আইসিসি ইনোভেশন কনক্লেভ' শীর্ষক ওই অনুষ্ঠানে রাজ্যের উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর চিরঞ্জীব ভট্টাচার্য বলেন, জাতীয় এবং রাজ্য শিক্ষা নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে নবম ও দশম শ্রেণীর সিলেবাসে কৃত্রিম বুদ্ধিমত্তা, ডেটা সায়েন্স এবং সাইবার সিকিউরিটিকে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রোফেসর ডক্টর অনুপম বসু বলেন, দেশের শিক্ষা ব্যবস্থাকে এমনভাবে সাজানো উচিত যেখানে জ্ঞান, বুদ্ধিমত্তা এবং শৈল্পিক গুণের সমন্বয় ঘটবে।

\*\*\*\*\*

রাজ্যের শিল্প তালুকগুলিতে দূষণ নিয়ন্ত্রণে বড় পদক্ষেপ নিতে চলেছে রাজ্য সরকার। রাজ্য শিল্প উন্নয়ন নিগমের উদ্যোগে শিল্পপার্কগুলিতে প্রথমবার রিয়্যাল-টাইম পরিবেশ পর্যবেক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা বসানো হচ্ছে। প্রকল্পটি সম্পূর্ণ হলে পার্কগুলির ভেতরে বাতাসের মান ও শব্দদূষণ সম্পর্কে মুহূর্তে তথ্য পাওয়া যাবে। জানা গিয়েছে, আপাতত উত্তর ২৪ পরগনার মানিকগঢ়ন বিশেষ অর্থনৈতিক অঞ্চল, কলকাতার পরিচয় পোশাক পার্ক, নৈহাটির ঝৰি বক্সিম শিল্পউদ্যান এবং পূর্ব মেদিনীপুরের হলদিয়া শিল্পপার্ক—এই পাঁচটি জায়গায় শুরু হবে পরিষেবা। কর্মতৎপরতা এবং বিভিন্ন রকমের শিল্প ইউনিট থাকার কারণে এই তালুকগুলোকেই প্রথম ধাপে বেছে নেওয়া হয়েছে।

রাজ্য শিল্পোন্নয়ন নিগম সূত্রে জানা গিয়েছে, শিল্পতালুকগুলিতে ক্লাউড-সংযুক্ত নজরদারি ইউনিট বসানো হবে, যা বাতাসে ক্ষুদ্র কণার পরিমাণ, ধূলিকণা, বিভিন্ন

গ্যাস ও শব্দস্তর পরিমাপ করবে। সঙ্গে ধূলো ও ভাসমান কণাকে দ্রুত নিয়ন্ত্রণ করার  
প্রযুক্তিও বসানো হবে। প্রতিটি শিল্প তালুকের প্রধান প্রবেশদ্বারে বড় আকারের স্ক্রিন  
বসানো হবে, যেখানে রিয়্যাল-টাইম দৃষ্টি মাত্রা প্রকাশ পাবে। এতে শ্রমিক, উদ্যোক্তা ও  
আগত সাধারণ মানুষ এক নজরে পরিবেশের অবস্থা দেখতে পারবেন।

\*\*\*\*\*

সুন্দরবনে বনি ক্যাম্প সংলগ্ন সিদুরকাটি এলাকায় বাঘের আক্রমণে এক  
মৎস্যজীবীর মৃত্যু হয়েছে। কুলতলির মৈপীঠের নগেনাবাদের বাসিন্দা তাপস হালদার, দুই  
সঙ্গীর সঙ্গে গত মঙ্গলবার জঙ্গলে কাঁকড়া ধরতে গিয়েছিলেন। গতকাল নৌকায় বসে  
থাকাকালীন হঠাৎ একটি বাঘ তাপসের ওপর ঝাঁপিয়ে পড়ে তাকে জঙ্গলে টেনে নিয়ে  
যায়। সঙ্গীরা তাকে বাঁচানোর চেষ্টা করেও ব্যর্থ হন। পরে বনকর্মী ও পুলিশ জঙ্গল থেকে  
তাপসের ক্ষতিবিক্ষত দেহ উদ্বার করে।

\*\*\*\*\*

কোচবিহারের মাথাভাঙ্গা এক নম্বর ব্লকের সাতগাছি এলাকায় আজ সকালে চিতা  
বাঘের আক্রমণে ছজন আহত হয়েছেন। চাষের জমিতে কাজ করার সময়  
আচমকা চিতাবাঘ হানা দেয়। আহতদের মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে ভর্তি করা  
হয়েছে। চিতা বাঘের খোঁজে শুরু হয়েছে তল্লাশি।

\*\*\*\*\*

পূর্ব বর্ধমানের আউশ গ্রামে এক কিশোরীকে গণধর্ষণের অভিযোগে ছ'জনকে  
গ্রেপ্তার করেছে পুলিশ। এদের মধ্যে চার নাবালক'ও রয়েছে। গতকাল ধূত দুই যুবককে  
পক্সো আদালতে তোলা হলে ৬ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। তাদের

মেডিক্যাল পরীক্ষার নির্দেশ দিয়েছে আদালত। অভিযুক্ত চার নাবালককে পাঠানো হয়েছে হোমে।

কার্তিক পুজো দেখে বাড়ি ফেরার পথে নবম শ্রেণীর পড়ুয়া ওই কিশোরীকে জঙ্গলে নিয়ে গিয়ে গণধর্ষণ করা হয় বলে অভিযোগ।

এদিকে, ধূতদের মধ্যে একজনের বাবা শাসক দলের প্রাক্তন বুথ সভাপতি হওয়ায় শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উত্তোর। স্থানীয় বিজেপি নেতৃত্বের অভিযোগ, সব ধরণের অপরাধেই তৃণমূল কংগ্রেসের যোগ পাওয়া যাচ্ছে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের বক্তব্য, অপরাধ প্রমাণিত হলে অবশ্যই তার শাস্তি হওয়া উচিত।

\*\*\*\*\*

মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য দ্বিতীয় ভগলী সেতু আগামীকাল আরও এক দফা বন্ধ থাকবে। সকাল ৬টা থেকে দুপুর দুটো পর্যন্ত বিদ্যাসাগর সেতু দিয়ে সমস্ত ধরনের যানচলাচল বন্ধ রাখা হবে। এই সময় সেতুর ওপর দিয়ে চলাচলকারী যানবাহন বিকল্প পথে ঘূরিয়ে দেওয়া হবে বলে জানানো হয়েছে।

\*\*\*\*\*

ওভারহেড তারে মেরামতি এবং সিগন্যালের রক্ষণাবেক্ষণ কাজের জন্য পূর্ব রেলের হাওড়া ডিভিশনে আগামীকাল ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে।

এই কারণে ওই দিন হাওড়া থেকে চারটি, ব্যান্ডেল ও আরামবাগ থেকে দুটি করে এবং বর্ধমান, শেওড়াফুলি ও কাটোয়া থেকে একটি করে লোকাল বাতিল থাকবে।

\*\*\*\*\*

পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসাবে আগামীকাল-২৩ নভেম্বর তৃতীয় বছর পূর্ণ করছেন ডঃ সিতি আনন্দ বোস। তার আগে ব্যক্তিগত জীবন থেকে প্রশাসনিক চ্যালেঞ্জ, রাজ্যের রাজনৈতিক ভবিষ্যত থেকে ভোট হিংসা, নানা বিষয়ে আকাশবাণীকে দেওয়া একান্ত স্বাক্ষাঙ্কারে অকপট রাজ্যপাল। সাক্ষাঙ্কার নিয়েছেন সন্দীপন দাশগুপ্ত এবং অভিরূপ ভট্টাচার্য।

পূর্ণাঙ্গ সাক্ষাঙ্কারটি শুনুন আগামীকাল (রবিবার- 23.11.25) রাত ৮ টায় আকাশবাণী সঞ্চয়িতা এবং 100.1 এফ.এম গোল্ড প্রচার তরঙ্গে। আকাশবাণী কলকাতার সোশ্যাল মিডিয়ার সবক'টি প্ল্যাটফর্মে শোনা যাবে এই অনুষ্ঠান।

\*\*\*\*\*